গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯১.৩৮.২১২.১৯(২)- ২৪০

তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩২ / ১৭ এপ্রিল, ২০২৫

বিষয়: **মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা-২০২৫ এর সেট কোডের ক্ষুদে বার্তা (SMS) মুছে ফেলার নির্দেশনা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশের কিছু কেন্দ্রে চলমান এসএসসি পরীক্ষায় নির্ধারিত দিনে কেন্দ্র সচিব কর্তৃক নির্ধারিত সেট কোডের পরিবর্তে ভুলবশতঃ অন্য সেট কোডের প্রশ্নপত্রের প্যাকেট খোলার ঘটনা ঘটেছে। বিষয়টি অনুসন্ধানে দেখা যায়, অনেক কেন্দ্র সচিব তাঁদের মোবাইল ডিভাইসে শিক্ষা বোর্ড থেকে প্রাপ্ত সেট কোডের ক্ষুদে বার্তা (SMS) মুছে না ফেলায় পুরাতন ও নতুন বার্তার মধ্যে বিভ্রান্তি তৈরি হয়, যার ফলে ভুল করে ভিন্ন সেট কোডের প্যাকেট খোলা হয়। এ ধরনের সমস্যা এড়ানোর জন্য কেন্দ্র সচিবসহ পরীক্ষা সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে পরীক্ষার দিন রাত ১২.০০ ঘটিকার পূর্বে মোবাইল ডিভাইস থেকে পূর্বের পরীক্ষা সংক্রান্ত সকল ক্ষুদে বার্তা মুছে ফেলা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, পরীক্ষা কার্যক্রম সুষ্ঠু ও নির্বিঘ্নে পরিচালনার স্বার্থে কেন্দ্র সচিব ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে মোবাইল ফোন থেকে পূর্বের পরীক্ষা সংক্রান্ত ক্ষুদে বার্তা মুছে ফেলার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/০৪/২০২৫

মো: ইয়ানুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২২২৩৩৫৬৭৮০
ইমেইল: govt.sec2@moedu.gov.bd

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯১.৩৮.২১২.১৯(২)- ২৪০

তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩২ / ১৭ এপ্রিল, ২০২৫

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. বিভাগীয় কমিশনার (সকল)
২. জেলা প্রশাসক (সকল)
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
৬. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৭. অফিস কপি।

১৭/০৪/২০২৫

মো: ইয়ানুর রহমান
সিনিয়র সহকারী সচিব